দেশবিরোধী ষড়যন্ত্রের প্রতিবাদে মেহেরপুরে মহিলা দলের মিছিল ও সমাবেশ

দেশবিরোধী ষড়যন্ত্র এবং পরিকল্পিতভাবে দেশে অস্থিতিশীলতা ও নৈরাজ্য সৃষ্টির অপচেষ্টার প্রতিবাদে মেহেরপুরে মিছিল ও সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দল মেহেরপুর জেলা শাখার উদ্যোগে এ কর্মসূচির আয়োজন করা হয়। বিকেলে জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গণ থেকে মহিলা দলের নেতাকর্মীরা একটি মিছিল বের করেন। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পৌর কমিটির সেন্টারে গিয়ে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা মহিলা দলের সভাপতি সাইয়্যেদাতুন নেসা নয়নের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস।

প্রধান অতিথির বক্তব্যে জাহাঙ্গীর বিশ্বাস বলেন, দেশের শান্তি, স্থিতিশীলতা ও গণতান্ত্রিক পরিবেশ বজায় রাখতে সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। দেশবিরোধী ষড়যন্ত্র ও নৈরাজ্য সৃষ্টির যেকোনো অপচেষ্টার বিরুদ্ধে রাজনৈতিক নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থাকতে হবে। একই সঙ্গে তিনি সরকারের উন্নয়ন কর্মকাণ্ড সাধারণ মানুষের কাছে তুলে ধরার পাশাপাশি বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দলকে আরও সুসংগঠিত ও শক্তিশালী করার ওপর গুরুত্বারোপ করেন।

তিনি বলেন, সংগঠনকে তৃণমূল পর্যায়ে আরও শক্তিশালী করতে নেতাকর্মীদের মানুষের পাশে থাকতে হবে। সাধারণ মানুষের সমস্যা, দুর্ভোগ ও প্রত্যাশার কথা শুনে তা যথাযথভাবে তুলে ধরতে হবে। নারী সমাজকে সংগঠনের সঙ্গে সম্পৃক্ত করে সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল করার আহ্বান জানান তিনি।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি মো. সাইফুল ইসলাম। এ ছাড়া বিএনপি ও মহিলা

দলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা বক্তব্য দেন।

বক্তারা বলেন, দেশের স্থিতিশীলতা বিনষ্ট, সামাজিক অস্থিরতা সৃষ্টি এবং নৈরাজ্য তৈরির যেকোনো অপচেষ্টার বিরুদ্ধে সবাইকে সচেতন থাকতে হবে। পাশাপাশি দলীয় সাংগঠনিক কার্যক্রমকে আরও গতিশীল করতে মহিলা দলের নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান তারা।

আলোচনা সভায় জেলা ও উপজেলা পর্যায়ের বিএনপি, মহিলা দলসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের নতুন দরবেশপুরে ভোট কেন্দ্র স্থানান্তরিত করার ষড়যন্ত্রের প্রতিবাদে মানববন্ধন

মেহেরপুর সদরের নতুন দরবেশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রটি নতুন দরবেশপুর দাখিল মাদ্রাসাতে স্থানান্তরিত করার ষড়যন্ত্রের প্রতিবাদে গ্রামবাসীর আয়োজনে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকেল সাড়ে ৫ টায় নতুন দরবেশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় সন্মুখে গ্রামবাসীর আয়োজনে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনের আহ্বায়ক আসলাম আলীর নেতৃত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ৮ নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি মজিবার রহমান, ইউপি সদস্য জাকির হোসেন লিটন, বিএনপি নেতা সিদ্দিক আজিজ বাবলু ও সাইদুর রহমান। অনুষ্ঠানে বক্তারা বলেন, নতুন দরবেশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট কেন্দ্রটি স্বাধীনতা পরবর্তী সময় থেকে প্রতিষ্ঠিত। বাপ-দাদার আমল থেকে আমরা এই কেন্দ্রে ভোট দিয়ে আসছি। এই কেন্দ্রের আওতায় এই গ্রামের তিন পাড়ার ২ হাজার ৬শ ভোটার আছে। অথচ পুরাতন দরবেশপুর গ্রামের ৭শ ভোটার যারা ৭ নং

ওয়ার্ড (পশ্চিম সিংহাটি ও পুরাতন দরবেশপুর) এর ভোটার, তারা সিংহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ভোট প্রদান করেন। ৭ নং ওয়ার্ডের কতিপয় লোক এই নতুন দরবেশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্র পরিবর্তনের জন্য জেলা নির্বাচন কমিশন বরাবর আবেদন করেছে। যারা এই কেন্দ্রের ভোটার নয়। আমরা এর তীব্র নিন্দা জানাচ্ছি। সেই সাথে জেলা প্রশাসক ও জেলা নির্বাচন কমিশনারের কাছে আবেদন নতুন দরবেশপুর গ্রামের আপামর জনগণের দুর্ভোগের কথা বিবেচনা করে সঠিক সিদ্ধান্ত নিবেন। বক্তারা আরও বলেন, নতুন দরবেশপুর গ্রামের শান্তি প্রিয় মানুষকে যারা অশান্ত করার পাঁয়তারা করছে তারা সাবধান হয়ে যান।

এসময় উপস্থিত ছিলেন, ইউনিয়ন বিএনপি’র সাংগঠনিক সম্পাদক রাশিদুল ইসলাম জাদু, ওয়ার্ড বিএনপি’র সহ-সভাপতি মোকাদ্দেস হোসেন, শরিফ মন্ডল, খন্দকার কিবরিয়া, শাহাদত হোসেন সহ আরও অনেকে।

বাংলাদেশের সার্বভৌমত্ব নিয়ে কোনো ষড়যন্ত্র হতে দেওয়া হবে না

বাংলাদেশের সার্বভৌমত্ব নিয়ে কাউকে ষড়যন্ত্র করতে দেওয়া হবে না। মানুষের ভোটের অধিকার নিয়ে আর কাউকে ছিনিমিনি করতে দেওয়া যাবে না। সকলেই প্রস্তুত থাকুন, নির্বাচনের জন্য সকলকে প্রস্তুত করুন এবং যারা নির্বাচনকে বানচাল করতে চায় বা নির্বাচনকে বানচাল করার ষড়যন্ত্র করবে, আগামী দিনে গণতন্ত্রের সংগ্রামের মধ্য দিয়ে তারেক রহমানের নেতৃত্বে তাদের আমরা রুখে দিতে পারব।

১৭ বছর আমরা একসঙ্গে লড়াই করেছি। বিএনপি, জামায়াত, অন্যান্য সকল সংগঠন যারা রক্ত দিয়েছেন, জেল-জুলুম সহ্য করেছেন আজকে এই প্রতিষ্ঠাবার্ষিকীর সমাবেশের মঞ্চ থেকে আমি আপনাদের প্রতিজ্ঞাবদ্ধ করতে চাই, এ কাজ করবেন না, বিএনপিকে ক্ষমতায় যাওয়া ঠেকাতে গিয়ে জনগণের ভোটের অধিকার ছিনতাই করবেন না।

গকতাল মঙ্গলবার বিকেলে শহরের ড. শামসুজ্জোহা পার্কে বিএনপি’র ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এক আলোচনা সভায় এসব কথা বলেন, কেন্দ্রীয় বিএনপি’র নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।

তিনি আরও বলেন, আমরাই বলেছিলাম দিন বদলাবে, দিন হবে মানুষের সেই মানুষের দিন প্রতিষ্ঠার এ লড়াই আমরা শুরু করেছিলাম ১৭ বছর আগে। সেই লড়াই আগামী নির্বাচনের মধ্য দিয়ে জনগণের সরকার প্রতিষ্ঠার মধ্য দিয়ে চূড়ান্তভাবে এই রাষ্ট্রের মালিকানা আমরা জনগণের কাছে ফেরত দিতে চাই।

মেহেরপুর জেলায় যে কমিটি হয়েছে সেটি বিএনপি’র ছোট কমিটি। কমিটি ছোট হোক, তারপরেও ওই বিএনপিকেও আমাদের রক্ষা করতে হবে। ছোট হোক, রক্ষা করতে হবে। মেহেরপুরের লক্ষ্য মানুষ আমাদের সাথে আছে। তাই কারোর বিরুদ্ধে আর অভিযোগ করব না। ঐক্যবদ্ধ থাকুন। তারেক রহমানের নেতৃত্বে ঐক্যবদ্ধ থাকুন।

মেহেরপুরের নবাগত এসপি ও ডিসিকে উদ্দেশ্য করে মাসুদ অরুণ বলেন, নতুন কমিটির ফোনে কাজ করার আগে জনগণের ভাষা বুঝবেন। জনগণের ভাষা বুঝে যদি কাজ না করেন, আগামীতে পার্কে সমাবেশ হবে না, সমাবেশ হবে ডিসি অফিসের সামনে, হবে এসপি অফিসের সামনে। আগামীতে কাউকে জনগণের স্বার্থের বাইরে এক পা ফেলতে দেওয়া হবে না।

আলোচনা সভার সভাপতিত্ব করেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস। সভাপতির বক্তব্যে তিনি বলেন, কোনো সময় পুলিশ দিয়ে ভোট, কোনো সময় রাতের বেলায় ভোট, কোনো সময় ডামি ভোট করে শেখ হাসিনা ১৬ বছর ক্ষমতায় ছিল। এই ১৬ বছরে শেখ হাসিনা অজস্র মায়ের বুক খালি করেছে, অসংখ্য বিএনপি’র ছেলেদের ক্রসফায়ার দিয়েছে। বাংলাদেশের মানুষের সম্পদ লুট করে লক্ষ লক্ষ টাকা বিদেশে পাচার করেছে। এর বিরুদ্ধে এই ১৬ বছর কঠোর লড়াই কারা করেছে?

এই মেহেরপুরের মাটিতে পুলিশের আগ্নেয়াস্ত্র, র্যাবের ক্রসফায়ারের ভয়, বিডিআরের বন্দুককে উপেক্ষা করে, আওয়ামী লীগের সন্ত্রাসীদের রুক্ষ চক্ষুকে উপেক্ষা করে এই মেহেরপুরের মাটিতে শেখ হাসিনা বিরোধী লড়াই কারা করেছিল? আপনারা, এই মাঠে যারা উপস্থিত আছেন, আপনারাই লড়াই করেছিলেন।

এসময় আরও বক্তব্য রাখেন, মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সাবেক সাধারণ সম্পাদক

সাইফুল ইসলাম, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবীব সোনা, জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান, জেলা তাঁতীদলের সভাপতি আব্দুল্লাহ মাস্টার বাবলু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির প্রমূখ।

এছাড়াও এসময় জেলা বিএনপি’র বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীসহ অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

নুরের উপর হামলা কোন বিচ্ছিন্ন ঘটনা না, এটি সুগভীর ষড়যন্ত্র

নুরুল হক নুরের উপর হামলা কোন বিচ্ছিন্ন ঘটনা না, এটি সুগভীর ষড়যন্ত্র ও একটি চক্রান্তের একটি অংশ বলে মন্তব্য করেছেন এ্যাটর্নী জেনারেল অ্যাডভোকেট মো. আসাদুজ্জামান।

শনিবার (৩০ আগষ্ট) দুপুরে ঝিনাইদহে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কার্যালয় উদ্বোধন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

নুরের উপর হামলা অত্যন্ত ন্যাক্কারজনক উল্লেখ করে এ্যাটর্নী জেনারেল বলেন, জাতীয় পার্টি ১৯৮২ সাল থেকে ৯০ সাল পর্যন্ত মানুষের রক্তের সাথে বেঈমানী করেছে। তারা জুলাই বিপ্লবে আওয়ামী লীগকে সহযোগীতা করেছে। তারা তাদের পুরোনো ইতিহাস উন্মোচন করেছে। তাই নিষিদ্ধের যে দাবী উঠেছে তা আইনগত দিক যাচাই বাছাই করে পদক্ষেপ নেওয়া হবে।

এর আগে সকাল ১০ টায় ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের পাশে টেলিভিশন সেন্টার পাড়ায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কার্যালয় উদ্বোধন করেন এ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান। পরে শহরের সরকারি কেশবচন্দ্র (কেসি) মহাবিদ্যালয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এএসএম আমানুল্লাহ’র সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত

হয়।

জাতীয় বিশ্ববিদ্যালয় আঞ্চলিক কেন্দ্র সমন্বয় দপ্তরের পরিচালক (ভারপ্রাপ্ত) নাজিম উদ্দিন আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঝিনাইদহ সরকারি কেসি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. আবু বকর সিদ্দিকী, জেলা প্রশাসক মোহাম্মদ আবদুল আওয়াল, জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এমএ মজিদ, জেলা জামায়াতের আমির অধ্যাপক আলী আজম মোহাম্মদ আবু বকর, গণঅধিকার পরিষদের জেলা সভাপতি সাখাওয়াত হোসেন প্রমূখ।

মেহেরপুরের বারাদীতে প্যানেল চেয়ারম্যান নিয়ে ষড়যন্ত্র, ইউনিয়ন বিএনপি প্রতিবাদ সমাবেশ

মেহেরপুর সদর উপজেলার বারাদী ইউপি চেয়ারম্যান গত ৫ই আগস্ট বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সংগ্রামের পর থেকে পলাতক। পরবর্তীতে সরকারিভাবে চেয়ারম্যানকে অব্যাহতি দেয়া হয়। এরপর থেকে প্রশাসক নিয়োগের মাধ্যমে পরিষদের দাপ্তরিক কার্যক্রম চলমান থাকলেও স্থানীয়ভাবে ইউনিয়নবাসী বিভিন্ন রকম সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে এবং ভোগান্তির শিকার হচ্ছে দিনের পর দিন। এ নিয়ে প্যানেল চেয়ারম্যান নির্বাচনকে কেন্দ্র করে ষড়যন্ত্রের প্রতিবাদে সমাবেশ করেছে ইউনিয়ন বিএনপি ও জনসাধারণ।

আজ বৃহস্পতিবার বিকেলে বারাদী ইউপি কার্যালয় প্রাঙ্গণে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। ইউনিয়ন বিএনপির প্রবীণ নেতা আবুল হাশেমের সভাপতিত্বে প্রধান বক্তা ছিলেন সদর থানা যুবদলের সভাপতি লিয়াকত আলী মেম্বার।

প্রতিবাদ সমাবেশে বক্তারা বলেন, প্যানেল চেয়ারম্যান নির্বাচন নিয়ে বিএনপি’র একটি কুচক্রী মহল ব্যক্তিগত স্বার্থ হাসিল ও আত্মসিদ্ধির জন্য আওয়ামীলীগ সমর্থিত ৪ নং ওয়ার্ড সদস্যকে প্যানেল চেয়ারম্যান বানানোর পাঁয়তারা করছে। সারাদেশের আপমর জনতা যখন

আওয়ামী দুঃশাসনে নির্যাতিত নিপীড়ত হয়ে রাজপথে আন্দোলন সংগ্রামের মাধ্যমে শেখ হাসিনা সহ তার দোসরদের দেশ থেকে বিতাড়িত করেছে সেখানে বিএনপি’র কতিপয় দালাল আওয়ামী লীগের মেম্বারকে সমর্থন দিয়ে পুরো জাতির সঙ্গে বেইমানি করছে। আমরা তা হতে দেব না, আমরা শক্ত হাতে তা প্রতিহত করব। বারাদী ইউনিয়ন পরিষদ আওয়ামীলীগ সমর্থিত মেম্বার পরিচালনা করবে এটা আমাদের জন্য লজ্জাজনক। ইউনিয়ন বাসীর প্রাণের দাবী বারাদী ইউনিয়নের একমাত্র বিএনপি সমর্থিত মেম্বার কামরুজ্জামান মুকুলকে আমরা প্যানেল চেয়ারম্যান হিসেবে দেখতে চাই।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, সাবেক ইউপি সদস্য আশরাফুজ্জামান আলিহিম মেম্বার, ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক হুমায়ুন কবির, যুবদল নেতা শফি আহমেদ শফি, ইউনিয়ন যুবদলের সভাপতি লাল মহাম্মদ, ইউনিয়ন ছাত্রদলের সহ-সভাপতি সোহানুর রহমান যুবদল নেতা আসলাম আলী বিএনপি নেতা আইয়ুব আলী।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন ইউনিয়ন যুবদলের সাংগঠনিক সম্পাদক আলমগীর কবির জয়নাল। এ সময় উপস্থিত ছিলেন ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতৃবৃৃন্দরাও ।

এখন যা হচ্ছে তা ষড়যন্ত্র : ড. ইউনূস

শান্তিতে নোবেলজয়ী অর্থনীতিবিদ বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রস্তাবিত প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, সরকারের ওপর মানুষের আস্থা নেই। সরকারের ওপর আস্থা ফিরিয়ে আনতে হবে। এজন্য সবার আগের দেশের সহিংসতা রোধ করতে হবে। এখন যা হচ্ছে তা ষরযন্ত্র।

বৃহস্পতিবার (৮ আগস্ট) ফ্রান্স থেকে দেশে ফিরেছেন ড. মুহাম্মদ ইউনূস। দুপুর ২টা ১০ মিনিটের দিকে তিনি ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এসে পৌঁছান। এরপরই তিনি বিমানবন্দরে এসব কথা বলেন।

তিনি বলেন, গত কয়েকদিনে দেশের মধ্যে সহিংসতা হয়েছে সেগুলো ষরযন্ত্র। এটাকে রোধ করতে হবে। তাদের লাঠিপেটা করলে হবে না। সহিংসতাকারীদের আইনের হাতে তুলে দিতে হবে। কোনো প্রকার প্রতিহিংসামূলক কাজ করা যাবে না। ড. ইউনূস বলেন, আমার ওপর যদি আস্থা এবং বিশ্বাস রাখেন তাহলে এটা নিশ্চিত করতে হবে কারো ওপর কোনো প্রকার হামলা করা যাবে না, বিশৃঙ্খলা করা যাবে না। যদি বিশৃঙ্খলা করা হয় তাহলে আমি এই দায়িত্বে থাকবো না।

নতুন বিজয়ের মাধ্যমে বাংলাদেশ নতুন বিজয় দিবস শুরু করল উল্লেখ করে ড. ইউনূস বলেন, নতুন বিজয়ের মাধ্যমে বাংলাদেশ নতুন বিজয় দিবস শুরু করল। আমাদের এগিয়ে যেতে হবে। যারা এটি করেছে তাদের প্রতি কৃতজ্ঞতা, তারা (সমন্বয়কেরা) দেশকে রক্ষা করেছে।

শান্তিতে নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূস বলেন, দেশবাসী কাছে আমার ওপরে বিশ্বাস রাখেন, ভরসা রাখেন, দেশে কারও ওপর কোনো হামলা হবে না। তাহলে আমি আপনাদের সঙ্গে থাকব না।

আইনশৃঙ্খলা পরিস্থিতি করাকে স্বাভাবিক করাকে গুরুত্ব দিয়ে ইউনূস বলেন, যেজন্য আন্দোলন হয়েছে সেটার ফলাফল যেন ব্যর্থ না হয়। পুনর্জন্মে যে বাংলাদেশ পেলাম সে বাংলাদেশ যেন পূর্ণতা পায়। যে বিপ্লবের মাধ্যমে বাংলাদেশ আজ নতুন করে বিজয় পেল তা যেন পূর্ণতা পায়।

এ সময় কান্নাজড়িত কণ্ঠে ড. মুহাম্মদ ইউনূস বলেন, আজকে আমার আবু সাঈদের কথা মনে পড়ছে। যে আবু সাঈদের কথা দেশের প্রতিটি মানুষের মনে গেঁথে আছে। এ ঘটনার মধ্য দিয়ে দেশে দ্বিতীয় স্বাধীনতা এসেছে। এসময় তিনি তরুণ সমাজকে ধন্যবাদ জানান। তিনি বলেন, তরুণ সমাজ যেন নিজেদের মতো করে দেশটা সাজাতে পারে।

এর আগে দুপুর ২টা ১১ মিনিটে ড. ইউনূসকে বহনকারী ফ্লাইটটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

বিমানবন্দরে ড. ইউনূসকে স্বাগত জানিয়েছেন সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামানসহ তিন বাহিনীর প্রধান, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়করা, নির্বাচন পর্যবেক্ষণকারী, ব্রতীর প্রধান নির্বাহী কর্মকর্তা শারমিন মুরশিদ ও সুশীল সমাজের প্রতিনিধিরা।

বৃহস্পতিবার রাত সাড়ে ৮টায় ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন

অন্তর্বর্তী সরকার শপথ নেবে। গত মঙ্গলবার রাতে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে তিন বাহিনী প্রধান ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাদের বৈঠকে নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসকে প্রধান করে অন্তর্বর্তী সরকার গঠনের সিদ্ধান্ত সিদ্ধান্ত হয়।

সূত্র: কালবেলা